

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০৪২.০১৪.৫৫.০২.১১৯.২০১১(১). ২৫৫৭

তারিখঃ ১২ কার্তিক ১৪২৩
২৭ অক্টোবর ২০১৬


বিষয়ঃ পিরোজপুর জেলা পরিষদের দরপত্র বিজ্ঞপ্তি নং ০৪/২০১৫-১৬ বাতিল প্রসংগে।

সূত্রঃ মেসার্স সুভাষ এন্টার প্রাইজ, পাড়েরহাট, পিরোজপুর এর আবেদন, তারিখঃ ২৮/৮/২০১৬।

পিরোজপুর জেলা পরিষদে ০৪/২০১৫-১৬ নং দরপত্র বিজ্ঞপ্তি বাতিলপূর্বক পুনরায় দরপত্র আহবান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ৪টি ঠিকাদারী প্রতিষ্ঠান আবেদন জানান। উল্লেখ্য, ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ জানান যে, সিডিউল দাখিলের দিন জেলা পরিষদ বক্সে দাখিল করতে গেলে কতিপয় সন্ত্রাসী পিরোজপুর সদর, নাজিরপুর ও নেছরাবাদ উপজেলার সিডিউল নিয়ে যায়। এ বিষয়ে জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাকে লিখিত জানান হলে তিনি তদন্ত করে ব্যবস্থা নিবেন মর্মে জানান। পরবর্তীতে প্রশাসক তড়িঘড়ি করে লটারী করার সিদ্ধান্ত গ্রহণ করেন। লটারীর সময় প্রশাসক মহোদয় যাকে খুশী তাকে কাজ দিয়েছেন।

২। পিরোজপুর জেলা পরিষদের ০৪/২০১৫-১৬ নং বিজ্ঞপ্তির দরপত্র বাতিলের আবেদনের বিষয়ে আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে একটি সুস্পষ্ট মতামত দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


২৭/১০/১৬
(জুবাইদা নাসরিন)
উপসচিব

ফোনঃ ৯৫ ৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

পরিচালক

স্থানীয় সরকার, বরিশাল বিভাগ।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রশাসক, জেলা পরিষদ, পিরোজপুর।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পিরোজপুর।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। মেসার্স সুভাষ এন্টার প্রাইজ, পাড়েরহাট, পিরোজপুর।